দৈনিক বাংলা

তারিখ 30 DEC 1992
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৪ ...

২৮

# পাবনা পলিটেকনিকে প্রবেশপত্র ছাড়া পরীক্ষা দিচ্ছে ছাত্ররা

নিজস্ব প্রতিনিধি : পাবনা, ২৯ ডিসেম্বর।–গত ২১ ডিসেম্বর ডাকযোগে পাঠানো প্রবেশপত্র যথাসময়ে না পৌঁছায় আজ পাবনা পলিটেকনিক ইন্সটিটিউটের ২৯৯ জন পরীক্ষার্থী প্রবেশপত্র ছাড়াই পরীক্ষা দিয়েছে। পরীক্ষার সময় ছাত্ররা প্রবেশপত্রের জন্য হট্টগোল শুরু করলে ইন্সটিটিউটের অধ্যক্ষ কারিগরি বোর্ডে ফোন করেন। বোর্ড থেকে জানান হয়, গত ২১ ডিসেম্বর তা ডাকযোগে ইনসিওর করে পাঠানো হয়েছে। অবশেষে বোর্ড থেকে টেলিফোনে পরীক্ষার্থীদের রোল নম্বর জেনে প্রশ্ন ও উত্তরপত্র দেয়া হয়। এ কারণে পরীক্ষা এক ঘন্টা পর শুরু হয়।

টেলিফোনে রোল নম্বর নেয়ায় এ পরীক্ষা বাতিল হতে পারে বলে পরীক্ষার্থীরা আশংকা করছে।